# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫৩৮

পর্ব - ৩ঃ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ মরণাপন্ন ব্যক্তির নিকটে সূরা ইয়াসিন পাঠের বিধান

আরবী

وَعَنْ مَعْقِلِ بْنِ يَسَارٍ ـ رضي الله عنه: أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ: «اقْرَؤُوا عَلَى مَوْتَاكُمْ يس». رَوَاهُ أَبُو دَاوُدَ, وَالنَّسَائِيُّ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ

ضعيف. رواه أبو داود (321)، والنسائي في: «عمل اليوم والليلة» (1074)، وابن حبان (3002)، وله عدة علل فصلت فيها القول بالأصل، وتجد هناك أيضا الرد على تأويل ابن حبان للحديث

বাংলা

৫৩৮. মা'কাল বিন ইয়াসির (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা তোমাদের মৃত্যু পথযাত্রী ব্যক্তিদের নিকট সূরা 'ইয়াসীন' পড়। -ইবনু হিব্বান একে সহীহ বলেছেন।[1]

## English

Ma'qil bin Yasar (RAA) narrated that the messenger of Allah (ﷺ) said: “Recite Yasin (Surah no. 36), over those who are dying.” Related by Abu Dawud, An-Nasa'i and Ibn Hibban graded it as Sahih

ফুটনোট

[1] আবূ দাউদ ৩১২১, ইবনু মাজাহ ১৪৪৮, আহমাদ ১৯৭৮৯ ইবনু হিব্বান হাদীসটিকে সহীহ বললেও ইমাম সুয়ূতী জামেউস সগীর (১৩৪৪) গ্রন্থে এক হাসান বলেছেন। তবে বিন বাযের ফাতাওয়া নূর আলাদ দারব

(১৪/২৬১) গ্রন্থে একে দুর্বল বলেছেন। আলবানী যঈফুল জামে (১০৭২) গ্রন্থেও একে দুর্বল বলেছেন। ইবনু উসাইমীন আশ শারহুল মুমতি (৫/২৪৯) গ্রন্থে বলেন, এর সানাদে মতানৈক্য ও সমালোচনা রয়েছে। ইবনুল কাত্তান আল অহম ওয়াল ইহাম (৫/৪৯) গ্রন্থে বলেন, এটি বিশুদ্ধ নয়। ইমাম নববী আল আযকার (১৯২) গ্রন্থে বলেন, এর সানাদ দুর্বল এতে দুজন মাজহুল রাবী রয়েছে। আলবানী দাউদ (৩১২১), ইরওয়াউল গালীল (৬৮৮), তারগীব (৮৮৪), যাঈফা (৫৮৬১) গ্রন্থসমূহে হাদীসটিকে দুর্বল বলেছেন।

ইবনু উসাইমীন মাজমু ফাতাওয়া (৭৪/১৭) গ্রন্থেও হাদীসটিকে দুর্বল বলেছেন। ইমাম নাবুবী মাজমু (৫/১১০) গ্রন্থে বলেন, তার ইসনাদ দুর্বল, তাতে দু'জন মাজহুল ব্যক্তি রয়েছে। আলবানী তাখরীজু মিশকাতিল মাসাবীহ (৫৮৯২) গ্রন্থে তার শেষের অতিরিক্ত অংশকে হাসান বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ মা'ক্বিল ইবনু ইয়াসার (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70349

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন